



নরসিংদীতে কিশোরী ধর্ষণ ও হত্যা: প্রধান আসামি নুরাসহ গ্রেফতার ২



সংগৃহীত ছবি

নরসিংদীতে এক কিশোরীকে ধর্ষণের পর হত্যার ঘটনায় মূল অভিযুক্ত নুরুল ইসলাম ওরফে নুরাকে গ্রেফতার করেছে পুলিশ। একই অভিযানে আরও দুইজনকে আটক করা হয়েছে। তাদের একজন হজরত আলী।

শুক্রবার রাত প্রায় ৯টার দিকে গাজীপুরের মাওনা এলাকা থেকে নুরাকে এবং ময়মনসিংহের গৌরীপুর থেকে হজরত আলীকে গ্রেফতার করা হয়। এর আগে দুপুরেই পুলিশ আসামি ধরার অগ্রগতির কথা জানিয়েছিল। এ নিয়ে মামলার মোট নয়জন আসামির মধ্যে সাতজন এখন পুলিশের হেফাজতে।

ঘটনার সূত্রপাত কয়েকদিন আগে। অভিযোগ রয়েছে, ধর্ষণের বিচার দাবি করায় একদল যুবক কিশোরীকে তার বাবার সামনেই তুলে নিয়ে যায়। অপহরণের কয়েক ঘণ্টা পর বৃহস্পতিবার সকালে সদর উপজেলার মহিষাশুড়া ইউনিয়নের বিলপাড়া ও দড়িকান্দির মাঝামাঝি একটি সরিষাক্ষেত থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

পরিবারের দাবি, এরও প্রায় ১৫ দিন আগে বাড়ি ফেরার পথে নুরার নেতৃত্বে পাঁচ থেকে ছয়জনের একটি দল ওই কিশোরীকে অপহরণ করে এবং ধর্ষণ করে।

ঘটনার পর বৃহস্পতিবার রাতেই নিহতের মা বাদী হয়ে মাধবদী থানায় নয়জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। পুলিশ জানিয়েছে, বাকি আসামিদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে।